



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

www.ispr.gov.bd



সংবাদ বিজ্ঞপ্তি

নং ২৩.১৬.০০০০.০০৬.৪৩.০০৫.২৩

তারিখ: ২৭-০৮-২০২৩

প্রশংসনীয় কাজের স্বীকৃতিস্বরূপ সেনাবাহিনী প্রধানের প্রশংসাপত্র এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন পুরস্কার প্রদান

ঢাকা, ২৭ আগস্ট ২০২৩: সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ, এসবিপি (বার), ওএসপি, এনডিইউ, পিএসসি, পিএইচডি আজ রবিবার (২৭-০৮-২০২৩) ঢাকা সেনানিবাসস্থ আর্মি মাল্টিপারপাস কমপ্লেক্সে সেনাবাহিনীতে প্রশংসনীয় কাজের স্বীকৃতিস্বরূপ ০৭ জন সেনাসদস্যকে সেনাবাহিনী প্রধানের প্রশংসাপত্র (অপারেশনাল ও নন-অপারেশনাল) প্রদান করেন এবং একই সাথে তাদের ইনসিগনিয়া পরিয়ে দেন। এছাড়াও, ২০২২-২০২৩ অর্থ বছরে সেনাসদর পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য পুরস্কার প্রাপ্ত ১৪ জন সেনাসদস্যকে ফ্রেস্ট ও সনদপত্র বিতরণ করেন।

সেনাবাহিনীতে কর্তব্যনিষ্ঠা, আনুগত্য, দেশপ্রেম, দৃষ্টান্তমূলক ও দুঃসাহসিক কার্যকলাপের স্বীকৃতিস্বরূপ অপারেশনাল ও নন-অপারেশনাল সফলতার জন্য সেনাবাহিনী প্রধানের প্রশংসাপত্র ও ইনসিগনিয়া প্রাপ্তির জন্য বিবেচনা করা হয়। এছাড়াও, বাংলাদেশ সরকার কর্তৃক বাস্তবায়িত শুদ্ধাচার চর্চাকে উৎসাহিত করার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল পুরস্কার প্রদান করা হয়।

অনুষ্ঠানে সেনাবাহিনী প্রধান অসামান্য কর্মদক্ষতার স্বীকৃতিপ্রাপ্ত সেনাসদস্যদের অত্যন্ত উচ্চ মনোবল, কর্মস্পৃহা, দেশপ্রেম ও দায়িত্বের প্রতি অবিচল আস্থার জন্য ধন্যবাদ জানান। তিনি আরো বলেন, তাদের এই স্পৃহা সকলের জন্য পাথেয়। তিনি বাংলাদেশ সেনাবাহিনীর সকল সদস্যদের এই ধরনের অনুকরণীয় কাজের জন্য নির্দেশনা প্রদান করেন।

উল্লেখ্য, বাংলাদেশ সরকার কর্তৃক বাস্তবায়িত শুদ্ধাচার চর্চাকে উৎসাহিত করার লক্ষ্যে সেনাবাহিনীতে এ বছর সর্বমোট ২৬০ জন জাতীয় শুদ্ধাচার কৌশল পুরস্কার প্রাপ্ত হন। এছাড়াও বাংলাদেশ সেনাবাহিনীতে দ্বিতীয়বারের মত আনুষ্ঠানিকতার মাধ্যমে 'সেনাবাহিনী প্রধানের প্রশংসাপত্র ও ইনসিগনিয়া' এবং 'জাতীয় শুদ্ধাচার কৌশল পুরস্কার' প্রদান করা হয়।

উক্ত অনুষ্ঠানে সেনাসদর, ঢাকা ও মিরপুর সেনানিবাসের জ্যেষ্ঠ সেনা কর্মকর্তাগণসহ বিভিন্ন পদবির কর্মকর্তা, জেসিও ও অন্যান্য সৈনিকবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

রাশেদুল আলম খান

সহকারী পরিচালক

পরিচালকের পক্ষে

মোবা: ০১৭৬৯০১৭১৯৮